শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -৬৬৫ (৪০) তারিখ ঃ ২৪ বৈশাখ, ১৪৩০ / ০৭ মে, ২০২৩

বিষয় ঃ উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ১১ মে, ২০২৩ তারিখ বৃহস্পতিবার বেলা ১২:৩০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের মে, ২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ১০-০৫-২০২৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৭/০৫/২৩
( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ
১) ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস, কুড়িগ্রাম।
(বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
১১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৯) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম
২০) চেয়ারম্যান,..........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২১) জনাব.........................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -৬৬৫ (৪০)/১(৪) তারিখ ঃ ২৪ বৈশাখ, ১৪৩০ / ০৭ মে, ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২।
২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।
৫। অফিস নথি।

০৭/০৫/২৩
( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

# উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : মে, ২০২৩ সভার তারিখ: ১১/০৫/২০২৩, সময় : বেলা- ১২.৩০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01746445526 | — | [signature] |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718455198 | ulophulbarik@dls.gov.bd | [signature] |
| ৬ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 0171868867X | nirmonsahakatiadi@gmail.com | [signature] |
| ৭ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01745763080 | uaofulkuri@gmail.com | [signature] |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | 01741662859 | | [signature] |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716410506 | raihansarder98@gmail.com | [signature] |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722061195 | ue.fulbari.kur@lged.gov.bd | [signature] |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718996474 | Fulkuri@gmail.com | [signature] |
| ১২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস(আমন্ত্রিত)। | | | [signature] |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711415267 | useofulbari kurigram@gmail | [signature] |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01740313499 | usso.phulbari@gmail.com | [signature] |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-401808 | sabuj kumar gupta07@gmail.com | [signature] |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01743069747 | ummekulsum urdo@gmail.com | [signature] |
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01703508903 | | Ferdousi |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01729-913930 | uwaofulkuri@gmail.com | [signature] |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717362615 | Youth Development office | [signature] |
| ২১ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ২২ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | [signature] |
| ২৩ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, কুড়িগ্রাম (আমন্ত্রিত) | | | |

উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : মে, ২০২৩ সভার তারিখ: ১১/০৫/২০২৩, সময় : বেলা- ১২.৩০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720047348 | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01725193361 | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৭৬৭৭১৫০ | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01792 0663[illegible] | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01727969825 | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 0173416380[illegible] | | |
| ৭ | বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আজিজার রহমান (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | 01718387045 | | ১১/৫/২৩ |

# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

## মে, ২০২৩ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | বীর মুক্তিযোদ্ধা মো: গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ । |
| তারিখ | ঃ | ১১ মে, ২০২৩। |
| সময় | ঃ | বেলা ১২.৩০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো ।

সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান ।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী)** আলোচনা :

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি) | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার বিভাগের ২৩/০৩/২০২৩ তারিখের ৪৬.০০. ০৪৫.২০.০০২.২২-১৬৩ নং স্মারক মূলে কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলা পরিষদের মূল ভবন, উপজেলা পরিষদের গেজেটেড ও নন-গেজেটেড কোয়ার্টার ও উপজেলা পরিষদের ডরমেটরি ভবন মেরামত কাজের জন্য ১৫,০০,০০০/-মাত্র বরাদ্দ পাওয়া গেছে। যার ব্যয় চলতি ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে "উপজেলা উন্নয়ন সহায়তা" থোক বরাদ্দ হতে মিটানো হবে। ফলে উক্ত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য OTM পদ্ধতিতে জরুরীভাবে দরপত্র আহবান করা যেতে পারে।<br><br>সভায় উপজেলা প্রকৌশলী আরও জানান যে, ফুলবাড়ী উপজেলা পরিষদের গেট ও সীমানা প্রাচীর নির্মাণ কাজ মূল প্রাক্কলন অনুযায়ী সংশ্লিষ্ট ঠিকাদার প্রায় ৯০% কাজ সম্পন্ন করা হয়েছে এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ৩য় চলতি বিলের আবেদন করা হয়েছে। যার প্রেক্ষিতে উক্ত সম্পন্নকৃত কাজের নিম্নবর্ণিত ৩য় চলতি বিল প্রস্তুত করা হয়েছে। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে OTM পদ্ধতিতে দরপত্র আহবান করার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

| ক্রঃ নং | কাজের নাম | চুক্তিমূল্য | পূর্বে পরিশোধিত ১ম+২য় চলতি বিলের টাকা | ৩য় চলতি বিলের টাকা |
|---|---|---|---|---|
| ১ | ফুলবাড়ী উপজেলা পরিষদের গেট নির্মাণ করণ। | ২০,৮৯,৯৯৯/- | ১৫,৪৯,৫৮১/- | ৩,৭৬,৬৬৭/- |
| ২ | ফুলবাড়ী উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ করণ। | ৩৫,১৪,৯৯৯/- | ২৬,৪৬,৮৬৭/- | ৬,৯৩,৩৮৯/- |
| | | ৫৬,০৪,৯৯৮/- | ৪১,৯৬,৪৪৮/- | ১০,৭০,০৫৬/- |

(চলমান পাতা/২)

এ বিষয়ে সভায় আলোচনান্তে চলতি অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিল হতে ৩য় চলতি বিলের=১০,৭০,০৫৬ টাকা নির্বাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, SRIIP প্রকল্পের আওতায় অত্র ফুলবাড়ী উপজেলাধীন বড়ভিটা ইউনিয়নে খড়িবাড়ী হাট উন্নয়ন করা হয়েছে। বাংলাদেশে নারী উন্নয়নের জন্য মহিলাদেরকে অর্থনৈতিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত করার ব্যবস্থা জাতীয় নারী উন্নয়ন নীতিতে গৃহিত হয়েছে। সে অনুযায়ী বাংলাদেশের বিভিন্ন এলাকায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক যে সব সরকারি হাট-বাজারে অবকাঠামোগত উন্নয়ন করা হয়েছে তার কোন কোনটিতে ইতোমধ্যে মহিলাদের জন্য আলাদা দোকান ঘর তেরী করা হয়েছে। এ ধারাবাহিকতায় (১) খড়িবাড়ি হাটে- ০৬(ছয়)টি মহিলা ব্যবসায়ীদের জন্য দোকান ঘর নির্মাণ করা হয়েছে।

তিনি আরও জানান যে, সরকারি হাট- বাজারে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক মহিলা ব্যবসায়ীদের জন্য নির্মিত দোকান বরাদ্দ, মহিলা ব্যবসায়ী বাছাই, চুক্তিনামা ও দোকান রক্ষণাবেক্ষণ সংক্রান্ত নীতিমালা অনুসরন করে সংশ্লিষ্ট ইউনিয়ন হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি মহিলা ব্যবসায়ীদের তালিকা প্রনয়ন করবেন বিধায় স্থানীয় মহিলা ব্যবসায়ীদের নিকট হতে আবেদনপত্র দাখিলের প্রচারণার প্রেক্ষিতে আগ্রহী স্থানীয় মহিলা ব্যবসায়ীগণ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে আবেদনপত্র দাখিল করেন। উক্ত আবেদনকৃত মহিলা ব্যবসায়ীদের মধ্য হইতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সভাপতি, ইউনিয়ন হাট-বাজার কমিটি কর্তৃক সাক্ষাৎকার গ্রহণ ও প্রাথমিক তালিকা **প্রনয়ণ** করেছেন এবং নীতিমালা অনুসরন করে মহিলা ব্যবসায়ীদেরকে নির্মিত ০৬(ছয়)টি দোকান ঘরের মধ্যে ০৫(পাঁচ)টি দোকান ঘর বরাদ্দ দেওয়ার জন্য তিনি সুপারিশ করেন। সে অনুযায়ী পূর্বে ০৫(পাঁচ)টি দোকান ঘর ব্যবসায়ী মহিলাদের মধ্যে বরাদ্দ দেয়া হয়েছে। অবশিষ্ট ০১টি দোকান ঘর বরাদ্দ দেয়ার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তক নিম্নবর্ণিত মহিলা ব্যবসায়ীর নাম সুপারিশ করেছেন।

সভায় চেয়ারম্যান বড়ভিটা ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়ন হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সর্বসম্মতিক্রমে রেজুলেশনের মাধ্যমে বর্ণিত মহিলা ব্যবসায়ীকে **অবশিষ্ট** ০১(এক) টি ঘর বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এমতাবস্থায়, উহা চুড়ান্ত ভাবে অনুমোদনের জন্য তিনি সভায় অনুরোধ জানান।

**খড়িবাড়ি হাট-**

| ক্রঃ নং | নির্বাচিত মহিলা ব্যবসায়ীর নাম | বর্তমান ঠিকানা | আইডি নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | শ্রীমতি বুলো রাণী শীল | স্বামী- শ্রী কার্তিক চন্দ্র শীল<br>গ্রাম-নাগদাহ,পোঃ রাবাইতারী<br>উপজেলা-ফুলবাড়ী।<br>জেলা- কুড়িগ্রাম। | ৮২৪ ১৯৪ ৬৪৫১ | |

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা **করা** হলো। আলোচনাক্রমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সভাপতি, ইউনিয়ন হাট-বাজার কমিটি কর্তৃক সুপারিশকৃত মহিলা ব্যবসায়ীকে ঘরটি বরাদ্দ দেয়া সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। নীতিমালা মোতাবেক উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা নির্বাহী অফিসারের মনোনীত কর্মকর্তা- উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত তালিকায় বর্ণিত মহিলার সাথে বরাদ্দকৃত দোকানের উপর ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে পৃথক ইজারা চুক্তি স্বাক্ষর করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

বরাদ্দকৃত দোকানের জন্য ৫০০/-(পাঁচশত টাকা) মাত্র মাসিক ভাড়া আদায়ের সিদ্ধান্ত গৃহিত হলো এবং প্রতি পাঁচ বছর অন্তর ইজারা চুক্তি নবায়ন ও ভাড়ার হার পুনঃ নির্ধারণ করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচির(এডিপি) আওতায় মোট=৮৫,৮৮,০০০/-মাত্র বরাদ্দ পাওয়া গেছে। উপজলা পরিষদ উন্নয়ন তহবিলে টাকা=১৫,৬৩,৬২৫/-সহ সর্বমোট=(৮৫,৮৮,০০০/-+ ১৫,৬৩,৬২৫/-)=১,০১,৫১,৬২৬/-মাত্র। উক্ত টাকার মধ্যে টাকা=৯৮,৮৭,৬২৫/- টাকার স্কীম গৃহীত হয়েছে। অবশিষ্ঠ =২,৬৪,০০০/- টাকার স্কীম গ্রহণ করা যেতে পারে। সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, উপজেলা কমপ্লেক্সে মডেল মসজিদ নির্মিত হয়েছে এবং উপজেলা কমপ্লেক্স ভবন সম্প্রসারণ ও হলরুম নির্মাণ কাজ চলমান রয়েছে। এমতাবস্থায়, উপজেলা কমপ্লেক্সের সৌন্দর্য্য বৃদ্ধির লক্ষ্যে গুরুত্বপূর্ণ বৃহৎ গাছ সমূহের গোড়া পাঁকা করণ কাজে উক্ত অর্থ ব্যয় করার প্রস্তাব করেন। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, জুন,২০২৩ আসন্ন বিধায় দরপত্র আহবান করে কাজ বাস্তবায়ন করা সম্ভব হবে না। বিধায় কোটেশনের মাধ্যমে প্রকল্পটি জরুরীভাবে বাস্তবায়ন করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে কোটেশন পদ্ধতিতে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হলো।

(চলমান পাতা/৩)

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>উপজেলা পরিষদ</td><td>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা -২০২০ এর ৩.ছ এর নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ সভাকক্ষের জন্য ২,৭৫,০০০/- টাকা দ্বারা ২৫টি কুসন চেয়ার নিম্নোক্ত কমিটির মাধ্যমে কোটেশন আহবান করে ক্রয়ের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>কমিটি:<br>১। উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম- আহবায়ক<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ফুলবাড়ী, কুড়িগ্রাম। সদস্য<br>৩। উপসহকারী প্রকোশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সদস্য</td><td>উপজেলা পরিষদ সভাকক্ষের জন্য ২৫টি কুসন চেয়ার নিম্নোক্ত কমিটির মাধ্যমে কোটেশন আহবান করে ক্রয়ের লক্ষ্যে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কমিটি:<br>১। উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম- আহবায়ক<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ফুলবাড়ী, কুড়িগ্রাম। সদস্য<br>৩। উপসহকারী প্রকোশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সদস্য</td><td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান,<br>(ক) রবি ২০২২-২০২৩ মৌসুমে ফুলবাড়ী উপজেলায় চাষকৃত ১০,১৮৫ হে: জমির ধান কর্তন হয়েছে। মোট উৎপাদন হয়েছে ৪৭,৫৬৭ মে: টন।<br>(খ) খরিপ-১ মৌসুমে আউস ধান রোপন চলছে। এ পর্যন্ত ৩৭৫ হে: জমিতে রোপন হয়েছে।<br>(গ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ স্বাভাবিক রয়েছে।</td><td>কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত এপ্রিল, ২০২৩ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২১৮৫টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১১৩৯৪টি</td></tr>
<tr><td>৩</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>১১৪৬০ টি</td></tr>
<tr><td>৪</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৪৫,৪০০টি</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>২৮০টি</td></tr>
<tr><td>৬</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>৯৯ টি</td></tr>
<tr><td>৮</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৫টি</td></tr>
<tr><td>৯</td><td>পোষা প্রাণির চিকিৎসা প্রদান</td><td>০১টি</td></tr>
<tr><td>১০</td><td>খামারী প্রশিক্ষণ প্রদান</td><td>২০ জন</td></tr>
<tr><td>১১</td><td>উন্নত জাতের ঘাষ চাষ কার্যক্রম</td><td>১.৭ একর</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ হাসপাতালের কার্যক্রম স্বাভাবিক।</td><td>সভায় আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান আরো বৃদ্ধি করতে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
</table>

(চলমান পাতা/৪)

| | | | |
|---|---|---|---|
| বাংলাদেশ পুলিশ ফুলবাড়ী থানা | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, ফুলবাড়ী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। মাদকের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে। তিনি রাত্রীকালীন পাহারার কাজে নিয়োজিত বিভিন্ন দপ্তরের নৈশ প্রহরীদের দায়িত্ব সঠিকভাবে পালনের জন্য সংশ্লিষ্ট দপ্তরের প্রধানকে অনুরোধ জানান। আনসারদের বিভিন্ন পয়েন্টে দায়িত্ব প্রদানের জন্য অনুরোধ জানান। নাওডাঙ্গা ইউনিয়নের গোরকমন্ডল মৌজায় কে বা কাহারা প্রতিমা ভাংচুর করেছে। এ বিষয়ে প্রাথমিক তদন্ত হয়েছে মর্মে জানান। | মাদক পাচার ও সেবনের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখতে হবে। সামাজিক সম্প্রতি রক্ষার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ জানান। | ১)অফিসারইনচার্জ ফুলবাড়ী থানা।<br>২। ইউপি চেয়ারম্যান/ সচিব |
| উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান প্রাথমিক শিক্ষা বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান:<br>১। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্লীপ কার্যক্রম, রুটিন মেইনটেন্যান্স, ক্ষুদ্র ও মেরামত Need based playing accessories এর কার্যক্রম চলমান রয়েছে;<br>২। যে সকল বিদ্যালয়ের এসএমসি গঠন হয়নি, সে সকল বিদ্যালয়ের এসএমসি গঠন কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>(ক) এপ্রিল, ২০২৩ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতে ৮০৮ জনকে ১,৫৭,৯৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) এপ্রিল, ২০২৩ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮১৮৯ জনকে ১৭,৬১,৩৯,,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) এপ্রিল, ২০২৩ পর্যন্ত উত্তরবঙ্গ ২য় প্রকল্পের আওতায় ৩৬১ জনকে ১,৭০,৭৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>২। এপ্রিল, ২০২৩ পর্যন্ত ৮০৩৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮৪%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৭৬% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>তিনি আরো জানান, তাঁর কার্যালয়ের ইলেক্ট্রিক ওয়ারিং মারাত্মক ঝুকিপূর্ণ, অফিসের সামনে বৈদ্যুতিক লাইট নেই এবং অফিসঘর জরুরী ভিত্তিতে মেরামত/সংস্কার করা জরুরী প্রয়োজন। | ১)দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। । |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং ফুলবাড়ী উপজেলার বিভিন্ন ইউনিয়নে ০৩টি বিল নার্সারী ও ১টি প্রদর্শনী খামার স্থাপন (গুলশা, পাবদা) করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ মৎস্য চাষ উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন কর্মসূচি/প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৫)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। এসএসসি, দাখিল ও এসএসি (ভোক)-২০২৩ পরীক্ষা কার্যক্রম চলমান;<br>২। জাতীয় শিক্ষা সপ্তাহ/২০২৩ কার্যক্রম চলমান;<br>৩। ২০২৩ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ১১শ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তির সংশোধন তথ্য প্রদান কার্যক্রম চলমান;<br>৪। ২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তির তথ্য প্রদান কার্যক্রম চলমান;<br>৪। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধানের নতুন কারিকুলাম বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন।<br>৫। ২০২৩ শিক্ষাবর্ষের আইএমএস তথ্য অনলাইনে আপলোড কার্যক্রম চলমান;<br>৬। শিক্ষার্থীদের সাধারণ ও মেধাবৃত্তি সংক্রান্ত তথ্য আপলোড কার্যক্রম চলমান;<br>৭। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যানড্রয়েড সেটে e-mail ও facebook ব্যবহার চালু রাখা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক গত এপ্রিল, ২০২৩ মাসে নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করা হয়:<br>১। পুরুষ বন্ধ্যাকরণ –নাই, ২। মহিলা বন্ধাকরণ-০৩ জন;<br>৩। আইইউডি-৭২ জন; ৪। ইমপ্লান-১৩ জন, ৫। ইনজেকশন-২৪৭৫ জন, ৬। খাবার বড়ি ৫৭৩০ জন; ৭। কনডম-২৮১ জন; ৮। মোট গর্ভবতী সংখ্যা- ১২১২ জন; ৯। সেবা প্রাপ্ত গর্ভবতীর সংখ্যা ৫৭৪ জন, ১০। মোট প্রসব সংখ্যা-১৬৬ জন; ১১। ০-০৫ বছরের শিশুর সেবা- ৬১০ জন; ১২। সাধারণ রোগীর সংখ্যা-২১৪৫ জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, ফুলবাড়ী, কুড়িগ্রাম |
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন ভাতা প্রদান ও ঋণদান কার্যক্রম সুষ্ঠু ও নিয়মমাফিক ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী। |
| উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যাবলীসহ গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |

(চলমান পাতা/৬)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান রয়েছে :<br>(১) ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের মার্চ, ২০২৩ মাসের চাউল (খাদ্যশষ্য) বিতরণ করা হয়েছে।<br>(২) মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে অনলাইন আবেদন চলমান রয়েছে;<br>(৩) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের রাজস্ব খাতে মহিলা প্রশিক্ষণ চলমান রয়েছে;<br>(৪) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে আইজিএ প্রশিক্ষণ প্রকল্প খাতে উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (দু'টি ট্রেডে) ১৮তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম শেষ হয়েছে। পরবর্তীতে অধিদপ্তরের নির্দেশনায় প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।<br>(৫) ফুলবাড়ী উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। মার্চ/২৩ মাসের নাস্তা বিতরণ করা হয়েছে এবং উক্ত ০৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ কার্যক্রমসহ দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী। |
| বিবিধ | (১) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখার ১৮ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.-২০২২(অংশ-১)-১৯৭ নং স্মারকে উপজেলার জন্য গঠিত সামাজিক সম্প্রীতি কমিটির কার্যসম্পাদনের ব্যয় বাবদ বাৎসরিক সর্বোচ্চ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। ফুলবাড়ী উপজেলার ২০২২-২০২৩ অর্থবছরের সামাজিক সম্প্রীতি কমিটির কার্যসম্পাদনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব হতে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা উত্তোলনের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | ফুলবাড়ী উপজেলার ২০২২-২০২৩ অর্থবছরের সামাজিক সম্প্রীতি কমিটির কার্য সম্পাদনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা উত্তোলনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | (২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, ২০২২ সালের বন্য ও অতিবৃষ্টির কারণে ক্ষতিগ্রস্ত বালারহাট হতে গোরক মন্ডল গামী রাস্তা মেরামত করা প্রয়োজন। তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা-২০২০ এর অপ্রত্যাশিত খাত হতে ১,৫০,০০০/- টাকা দ্বারা বালারহাট হতে গোরকমন্ডল গামী রাস্তা নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে মেরামতের প্রস্তাব করেন।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি :<br>১। মো: মাহফুজুল হক , ইউপি সদস্য- প্র: সভাপতি<br>২। মো: মহিবুল ইসলাম, সমাজসেবক সদস্য<br>৩। প্রদীপ চন্দ্র, গণ্রমান্য সদস্য<br>৪। মো: হাছেন আলী, গন্যমান্য সদস্য<br>৫। মো: উমর আলী, সদস্য-সচিব | সভায় বিস্তারিত আলোচনান্তে বালারহাট হতে গোরকমন্ডল গামী রাস্তা নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে মেরামতের মেরামতের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়অ<br>টাকা =১,৫০,০০০/-<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি :<br>১। মো: মাহফুজুল হক, ইউপি সদস্য, ফুলবাড়ী ইউপি- প্র: সভাপতি<br>২। মো: মহিবুল ইসলাম, সমাজসেবক সদস্য<br>৩। প্রদীপ চন্দ্র, গণ্রমান্য সদস্য<br>৪। মো: হাছেন আলী হেঞ্জা গন্যমান্য সদস্য<br>৫। মো: উমর আলী, সদস্য-সচিব | |

(চলমান পাতা/৭)

| | | | |
|---|---|---|---|
| বিবিধ | ৩। উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, চেয়ারম্যান উপজেলা পরিষদ এবং উপজেলা পরিষদের আনসার সেডে ব্যবহৃত মে/২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ১১,৩১৩/-(এগারো হাজার তিনশত তের) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ এবং আনসার সেডে ব্যবহৃত মে/২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ১১,৩১৩/-(এগারো হাজার তিনশত তের) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২৩-৩৮৮ তারিখ : ৩১ বৈশাখ, ১৪৩০। / ১৪ মে, ২০২৩।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ..........................................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৬। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৭। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। উপজেলা.......................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান...............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। জনাব................................................................, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। অফিস নথি।

১৪/৫/২৩

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

১৪/৫/২৩